

## ভর্তি সংক্রান্ত নির্দেশিকা

এতদ্বারা সরকারি সাধারণ ডিগ্রি কলেজে ২০১৮-১৯ শিক্ষাবর্ষে ভর্তি হতে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অনলাইনে ভর্তির আবেদনপত্র পূরণ করার পূর্বে Web Portal এ দেওয়া গাইডলাইনগুলি (url: oasis.mkcl.org/dhetripura18/NotificationModule এ গিয়ে Download এ দেখতে পাওয়া যাবে) যথাযথ ভাবে পড়ে নিতে হবে। যে কোর্সের জন্য আবেদন করতে ইচ্ছুক সেই বিষয়টি ঠিকভাবে বুঝে নিয়ে চয়ন করতে হবে, উচ্চমাধ্যমিকের ন্যূনতম ৫টি বিষয়ের নম্বর আবেদনপত্রে প্রদান করতে হবে। ছাত্র-ছাত্রীরা সর্বাধিক তিনটি কলেজের জন্য আবেদন করতে পারবে। প্রতি কলেজে সর্বাধিক ২টি অনার্স বিষয়ে আবেদন করতে পারবে। বিজ্ঞান ও বানিজ্য বিভাগে সর্বাধিক ২টি জেনারেল কোর্সের জন্য এবং কলা বিভাগে একটিমাত্র কোর্সের জন্য আবেদন করা যাবে। উচ্চমাধ্যমিকের রোলনম্বরটিকে ভিত্তি করে একজন ছাত্র/ছাত্রী একবারই অনলাইনে ভর্তির জন্য আবেদন করতে পারবে। যেহেতু অনলাইনে আবেদন করতে হবে, তাই সমস্ত বিষয়গুলি এবং গাইডলাইন সম্পর্কে সম্যক ধারণা নিয়ে বা নিকটবর্তী কলেজের হেল্প-ডেস্ক এর সহায়তা নিয়ে চূড়ান্তভাবে আবেদনটি অনলাইনে জমা করতে হবে। প্রিন্ট কপি অন্যান্য কাগজপত্র সহ সংশ্লিষ্ট কলেজে নির্দিষ্ট সময়ের মধ্যে জমা করতে হবে। এই সংক্রান্ত কোন বিষয়ে জানতে হলে helpdeskhigher@gmail.com ই-মেল এ পাঠানো যেতে পারে অথবা নিকটবর্তী কলেজের হেল্প-ডেস্ক এ যোগাযোগ করতে হবে।

ছাত্র-ছাত্রীরা অনলাইনে জমা দেওয়া ফর্মটিতে সংশোধন ও পুনরায় জমা করতে পারবে। যদি একান্ত প্রয়োজন না হয়, সেক্ষেত্রে জমা করা ফর্মের অনলাইনে পরিবর্তন করার প্রয়োজন নেই। কারণ এতে আবেদন পত্রের চূড়ান্ত মূল্যায়নে সময় নষ্ট হওয়ার সম্ভাবনা থাকে। অনলাইনে জমা করা আবেদনপত্র পরিবর্তনের জন্য সুনির্দিষ্ট কারণ উল্লেখ করে ও প্রিন্ট কপি নিয়ে পুনরায় জমা করতে হবে।

উচ্চশিক্ষা দপ্তর  
ত্রিপুরা